দৈনিক
ইত্তেফাক

তারিখ 13 FEB 2016
পৃষ্ঠা ২৫ কলাম ৫

# নতুন পে-স্কেল কার্যকরের ৮ মাসেও বেতন না পাওয়ায় শিক্ষকরা হতাশ

কিশোরগঞ্জ (নীলফামারী) সংবাদদাতা

নীলফামারী জেলার কিশোরগঞ্জ উপজেলায় ১৫৮টি সরকারি প্রাথমিক বিদ্যালয়ের প্রায় ৮ শতাধিক শিক্ষক সরকার ঘোষিত নতুন পে-স্কেলে বেতন পায়নি। সার্ভিস বুক হালনাগাদ না থাকায় শিক্ষকরা নতুন পে-স্কেল কার্যকরের ৮ মাসেও বেতন উত্তোলন করতে পারেনি। শিক্ষা কর্মকর্তার অবহেলার কারণে এ অবস্থার সৃষ্টি হয়েছে বলে শিক্ষকরা অভিযোগ করেন।

সূত্র জানায়, সরকারি প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষকদের বেতন ভাতা বৃদ্ধি করে ২০১৪ সালের ৯ মার্চ গেজেট প্রকাশ হয়। ২০১৫ সালের ১ জুলাই থেকে নতুন পে-স্কেল কার্যকরের ৮ মাসেও বেতন উত্তোলন করতে না পারায় শিক্ষকরা হতাশ হয়ে পড়েছে। বাফলা সরকারি প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক ইউনুছ আলী ক্ষোভ প্রকাশ করে বলেন, জেলার ৪টি উপজেলার শিক্ষকরা নতুন পে-স্কেলে বেতন পাচ্ছে। কিন্তু আমরা এ উপজেলার প্রাথমিক শিক্ষা কর্মকর্তার ব্যর্থতার কারণে এখন পর্যন্ত বেতন পাইনি। এ ব্যাপারে উপজেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা মাসুদুল হাসানের সাথে কথা বললে তিনি জানান, আমার পূর্বের শিক্ষা অফিসার ২০০৮ সাল থেকে সার্ভিস বুক আপগ্রেড না করে বেতন দিয়েছে। এখন এ কাজগুলো করতে সময় লাগছে। এ ছাড়া অফিস উচ্চমান সহকারীর পদ ফাঁকা থাকায় কাজ করতে বিলম্ব হচ্ছে।